



ফরিদপুরে বাস-অ্যাম্বুলেন্স মুখোমুখি সংঘর্ষে নিহত ৫



সংগৃহীত ছবি

ফরিদপুরের নগরকান্দায় বিআরটিসি বাস ও একটি অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে পাঁচজনের মৃত্যু হয়েছে। দুর্ঘটনাটি রোববার সকালে উপজেলার শংকরপাশা এলাকায় ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, ফরিদপুরের দিকে যাচ্ছিল বিআরটিসি বাসটি এবং বিপরীত দিক থেকে ঢাকাগামী অ্যাম্বুলেন্সটি আসছিল। শংকরপাশা এলাকায় পৌঁছালে দুই যানবাহনের মধ্যে ভয়াবহ সংঘর্ষ হয়।

ঘটনার পরপরই স্থানীয়রা ও পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। ভাঙ্গা হাইওয়ে পুলিশ ও ফায়ার সার্ভিস সদস্যরা উদ্ধার অভিযান চালিয়ে মরদেহগুলো উদ্ধার করে এবং আহতদের দ্রুত ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠায়।

ভাঙ্গা হাইওয়ে থানার ওসি মো. হেলাল উদ্দিন নিশ্চিত করেছেন, ঘটনাস্থলেই পাঁচজন মারা যান। আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

